

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩২৬৪

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা ফাতহ

### بَابُ: وَمِنْ سُورَةِ الْفَتْحِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا حَمَادُ بْنُ سَلَمَةَ، عَنْ ثَابِتٍ، عَنْ أَنَسٍ، أَنَّ ثَمَانِينَ، هَبَطُوا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابِهِ مِنْ جَبَلِ التَّنْعِيمِ عِنْدَ صَلَاةِ الصُّبْحِ وَهُمْ يُرِيدُونَ أَنْ يَقْتُلُوهُ فَأُخِذُوا أَخْذًا فَأَعْتَقَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَنْزَلَ اللَّهُ: (هُوَ الَّذِي كَفَّ أَيْدِيَهُمْ عَنْكُمْ وَأَيْدِيَكُمْ عَنْهُمْ) الْآيَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩২৬৪. আবদ ইবন হুমায়দ (রহঃ) ..... আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণিত যে, (হুদায়বিয়ার সন্ধিকালে) তানঈম পাহাড় থেকে আশিজন কাফির নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবীদের উপর ফজরের সালাতের সময় অতর্কিতে চড়াও হয় এরা তাঁদের হত্যা করতে চাইছিল। কিন্তু তারা ধরা পড়ে এবং বন্দী হয় অনন্তর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এদের মুক্ত করে দেন। এতদ সংশ্বে আল্লাহ তা'আলা নাযিল করেনঃ (هُوَ الَّذِي كَفَّ أَيْدِيَهُمْ عَنْكُمْ وَأَيْدِيَكُمْ عَنْهُمْ) – তিনিই মক্কা উপত্যকায় এদের হাত তোমাদের থেকে এবং তোমাদের হাত এদের থেকে নির্বারণিত রেখেছেন, এদের উপর তোমাদেরকে বিজয়ী করার পর। তোমরা যা কিছু কর আল্লাহ তার সম্যক দ্রষ্টা (সূরা ফাতহ ৪৮ঃ ২৪)।

সহীহ, সহীহ আবু দাউদ ২৪০৮, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৬৪ [আল মাদানী প্রকাশনী]

(আবু ইসা বলেন)হাদীসটি হাসান-সহীহ।

## English

Narrated Anas:  
that eighty people swooped down from the mountain of At-Tan'im to kill the

Messenger of Allah (ﷺ) during Salat As-Subh, but he captured them and (later) let them go. So Allah revealed the Ayah: And it is He Who has withheld their hands from you and your hands from them (48:24).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38655>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন